

## স্মার্ট প্রি-পেমেন্ট মিটারে রিচার্জের পদ্ধতি:

নগদ (Nagad) রিচার্জ সিস্টেম	রকেট (Rocket) রিচার্জ সিস্টেম	ভেন্ডিং স্টেশন (Recharge Station)
<p>ধাপ ১: বিল পে প্রবেশ করুন।</p> <p>ধাপ ২: বিদ্যুৎ নির্বাচন করুন তারপর নেসকো প্রি-পেইড নির্বাচন করুন।</p> <p>ধাপ ৩: কনজুমার নম্বর বক্সে কনজুমার নম্বর লিখুন।</p> <p>ধাপ ৪: অর্থের পরিমাণ লিখুন এবং পরবর্তী ক্লিক করুন।</p> <p>ধাপ ৫: অর্থ প্রদানের নিশ্চয়তার জন্য আপনার নগদ পিন টাইপ করুন।</p>	<p>ধাপ ১: বিল পে প্রবেশ করুন।</p> <p>ধাপ ২: নেসকো প্রি-পেইড নির্বাচন করুন।</p> <p>ধাপ ৩: কনজুমার নম্বর বক্সে কনজুমার নম্বর লিখুন।</p> <p>ধাপ ৪: অর্থের পরিমাণ লিখুন এবং পরবর্তী ক্লিক করুন।</p> <p>ধাপ ৫: অর্থ প্রদানের নিশ্চয়তার জন্য আপনার রকেট পিন টাইপ করুন।</p>	<p>১। বিক্রয় ও বিতরণ বিভাগ-১, নেসকো অফিস, সাগরপাড়া, রাজশাহী।</p> <p>২। কলাবাগান, হেতেম খাঁ নেসকো অফিস, রাজশাহী।</p> <p>৩। জনতা ব্যাংক হেতেম খাঁ শাখা, রাজশাহী।</p> <p>৪। বাহিরগোলা, নেসকো বিদ্যুৎ অফিস, সিরাজগঞ্জ।</p>

### সর্বাধিক জিজ্ঞাস্য প্রশ্নাবলি (FAQ)

১) স্মার্ট প্রি-পেমেন্ট মিটারে পোস্ট পেমেন্ট মিটারের চেয়ে বিল বেশি আসে?

উত্তরঃ না। স্মার্ট প্রি-পেমেন্ট মিটার কিংবা পোস্ট পেমেন্ট মিটার উভয় ক্ষেত্রে বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন (BERC) এর নির্ধারিত হারে বিদ্যুৎ বিল হিসাব করা হবে/হয়। সেক্ষেত্রে স্মার্ট প্রি-পেমেন্ট মিটারে বিদ্যুৎ বিল বেশি হবার কোন সুযোগ নাই।

২) এক এরিয়ার গ্রাহক কি অন্য এরিয়ায় গিয়ে মিটারে রিচার্জ করতে পারবে কিনা?

উত্তরঃ নগদ ও রকেট এর মাধ্যমে দেশের যে কোন এরিয়া থেকে কনজুমার নাম্বার দিয়ে স্মার্ট মিটারে রিচার্জ করতে পারবেন একই সাথে এক এরিয়ার গ্রাহক অন্য এরিয়ার নির্ধারিত ভেন্ডিং (রিচার্জ) স্টেশন এ গিয়ে স্মার্ট মিটারে রিচার্জ করতে পারবেন। উভয় ক্ষেত্রে এনার্জির বিপরীতে গ্রাহক টাকা ও টোকেন পাবেন যেখানে টাকা সরাসরি স্মার্ট মিটারে চলে যাবে। তবে কোন কারণে রিচার্জকৃত এনার্জির টাকা মিটারে যদি না যায় সেক্ষেত্রে প্রাপ্ত টোকেন এর ২০ ডিজিট স্মার্ট মিটারের কী প্যাড ইনপুট দিলে টাকা রিচার্জ হয়ে যাবে।

৩) একমাসে একের অধিক রিচার্জ করলে কি প্রতিবারেই ডিম্যান্ড চার্জ ও মিটার ভাড়া কাটবে?

উত্তরঃ না। যে কোন মাসে প্রথমবার রিচার্জ করার সময় এই মাসের ডিম্যান্ড চার্জ ও মিটার ভাড়া কাটবে এবং যদি পূর্বের কোন মাসের ডিম্যান্ড চার্জ ও মিটার ভাড়া বকেয়া থাকে তবে সেই পরিমাণ টাকা রিচার্জকৃত অর্থ হতে কর্তন করা হবে। কোন মাসে একবার ডিম্যান্ড চার্জ ও মিটার ভাড়া কাটা হলে এই মাসে পরবর্তীতে যে কোন রিচার্জের সময় ডিম্যান্ড চার্জ ও মিটার ভাড়া কাটা হবে না।

৪) রাতের বেলা অথবা যেকোন ছুটির দিনে ব্যালেন্স শেষ গেলে বিদ্যুৎ সরবরাহ বন্ধ হবে কি?

উত্তরঃ রাতের বেলা অথবা যেকোন ছুটির দিনে মিটারের ব্যালেন্স শেষ হয়ে গেলে বিদ্যুৎ সরবরাহ বন্ধ হবে না। মিটারে প্রতিদিন বিকাল ৪:০০ হতে পরের দিন সকাল ১১:০০ টা পর্যন্ত Friendly Hour, আর শুক্রবার ও শনিবার এবং যে কোন সরকারি ছুটির দিন ২৪ ঘণ্টা Holiday হিসাবে হিসাবে উল্লেখ করা আছে। এই সময়ের মধ্যে মিটার ব্যালেন্স শেষ হয়ে গেলে গ্রাহক বিদ্যুৎ ব্যবহার করতে পারবে। তবে গ্রাহক যে পরিমাণ বিদ্যুৎ ব্যবহার করবে মিটার তা নেগেটিভ হিসাবে জমা রাখবে এবং পরবর্তীতে রিচার্জ করা হলে ব্যবহৃত টাকা ব্যালেন্স হতে কেটে নিবে।

৫) স্মার্ট প্রি-পেমেন্ট মিটার বসানোর সময় কি কোন টাকা নেয়া হবে?

উত্তরঃ না। স্মার্ট প্রি-পেমেন্ট মিটার বসানোর জন্য মিটার বাবদ কোন টাকা নেয়া হবে না। BERC এর নিয়ম অনুসারে অন্যান্য সকল ইউটিলিটির মত মিটার ভাড়া বাবদ মাসে একবার ১ ফেজ মিটারের জন্য ৪০ টাকা আর ৩ ফেজ মিটারের জন্য ২৫০ টাকা রিচার্জের সময় কাটা হবে।

৬) নেসকো কি বিদ্যুৎ বিল বাবদ বেশি টাকা কাটে?

উত্তরঃ না। বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন (BERC) এর নিয়ম অনুসারে বাংলাদেশের অন্যান্য সকল ইউটিলিটির মত সমান রেটে টাকা কাটে।

৭) স্মার্ট প্রি-পেমেন্ট মিটার ব্যবহারে গ্রাহক আর্থিকভাবে কোন সুবিধা পাবে কি?

উত্তরঃ পাবে। গ্রাহক প্রি-পেমেন্ট মিটার ব্যবহারের ফলে BERC এর নিয়ম অনুসারে ১% রেয়াত (Rebate) পাবে।

\*\*\* স্মার্ট প্রি-পেমেন্ট মিটার সংক্রান্ত বিষয়ে জরুরী প্রয়োজনে যোগাযোগ করুন:

০১৩২১-১২৪৫১৫ (রাজশাহী), ০১৩২১-১২৪৫১৬ (সিরাজগঞ্জ)

\*\*\* বিদ্যুৎ সংক্রান্ত অন্যান্য যে কোন বিষয়ে সংশ্লিষ্ট বিক্রয় ও বিতরণ বিভাগ অফিস এর অভিযোগ কেন্দ্রে যোগাযোগ করুন।